দৈনিক
ইত্তেফাক

তারিখ ..26 JUN 2016.....
পৃষ্ঠা ..৭..৬.. কলাম ....৩......

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৫৩৮ কোটি ৭২ লাখ টাকার বাজেট

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে ২০১৬-১৭ অর্থ বছরের জন্য ৫৩৮ কোটি ৭২ লাখ ৫৮ হাজার টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে ওই সিনেট অধিবেশন অনুষ্ঠিত হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে সিনেট অধিবেশনে অন্যান্যের মধ্যে সংসদ সদস্য অধ্যাপক মো. আলী আশরাফ, সংসদ সদস্য মো. আব্দুল কুদ্দুস, এটর্নি জেনারেল মাহবুবে আলম, প্রফেসর ড. শরীফ এনামুল কবির, শামসুজ্জামান খান, রামেন্দু মজুমদার, অধ্যাপক ড. খন্দকার বজলুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বাজেট উত্থাপন করেন ট্রেজারের প্রফেসর মো. নোমান উর রশীদ।

উপাচার্য হারুন অর রশিদ তার বক্তব্যে বলেন, বিগত তিন বছরের প্রচেষ্টায় জাতীয় বিশ্ববিদ্যালয় ঘুরে দাঁড়িয়েছে, সেশনজট দ্রুত কমে আসছে, কলেজ শিক্ষার মানোন্নয়নে প্রায় ১৫শ কোটি টাকার ২টি প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। স্বল্প সময়ের ব্যবধানে জাতীয় বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে উচ্চ শিক্ষার ক্ষেত্রে এদেশে এক নব অধ্যায়ের সূচনা ঘটবে।